


উন্নয়ন সহযোগী সংস্থার যৌথ রিভিউ মিশন ইউজিআইআইপি-২ প্রকল্প পরিদর্শনকালে নীলফামারী পৌরসভায় অনুষ্ঠিত বিশেষ টিএলসিসি সভায় উপস্থিত সদস্যদের সাথে মত বিনিময় করছেন ইউজিআইআইপি-২ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ

## উন্নয়ন সহযোগী সংস্থার জয়েন্ট রিভিউ মিশন কর্তৃক ইউজিআইআইপি-২ প্রকল্প পরিদর্শন

গত ০৭ থেকে ০৯ নভেম্বর ২০১৩ পর্যন্ত উন্নয়ন সহযোগী সংস্থার যৌথ রিভিউ মিশন দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রকল্পভুক্ত নীলফামারী, গাইবান্ধা ও সিরাজগঞ্জ পৌরসভা পরিদর্শন করেন। এসময়ে তারা মাঠ পর্যায়ে প্রকল্প কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমুলক কাজের অগ্রগতি পর্যালোচনা ও ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ পরিদর্শন করেন।.একই সাথে মিশন নীলফামারী, গাইবান্ধা ও সিরাজগঞ্জে বিশেষ টিএলসিসি সভায় অংশগ্রহণ করে সদস্যদের সাথে গৃহীত কার্যক্রম, প্রকল্পের অর্জিত সাফল্য এবং ইউজিআইএপি সংক্রান্ত বিষয়ে মত বিনিময় করেন।

উন্নয়ন সহযোগী সংস্থা এডিবি ঢাকার সিনিয়র প্রজেক্ট অফিসার জনাব মোঃ রফিকুল ইসলাম এর নেতৃত্বে কেএফডব্লিউ ঢাকা অফিসের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার জনাব মোঃ হাবিবুর রহমান, ইউজিআইআইপি-২ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দসহ প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তা ও পরামর্শকবৃন্দ মিশনে অংশ নেন। পরবর্তীতে গত ---------২০১৩ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত র‌্যাপ-আপ সভায় প্রকল্পের কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়।